রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৯ সনের ৪৪ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ৩১, ২০১৯

## সূচিপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৬৬৫—৬৭১ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১১৪৯—১১৬৪ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২৯৯৯—৩০৩৬ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৪৭ |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) .........সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) .........বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) ..........বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) ..........কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) ..........তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ...........................তারিখে সমাপ্ত বাৎসরিক মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত বাৎসরিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৯ আগস্ট, ২০১৯

**নং ১৭.০০.০০০০.০১৫.৫৫.০৫৬.১৬-৪৯৫**—জনাব মোঃ আশাদুল হক, সহকারী পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা প্রশাসনিক শৃঙ্খলা ভংগ করে অসদাচরণ করেছেন। অতএব, তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) অনুযায়ী অসদাচরণ (misconduct) এর দায়ে বিধি ১২ (১) অনুযায়ী সাময়িক বরখাস্ত করা হলো।

২। সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি বিধি মোতাবেক খোরাকী ভাতা (Subsistence Allowance) পাবেন।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ আলমগীর**
সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**প্রকল্প ব্যবস্থাপনা অধিশাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৮ আগস্ট ২০১৯

**নং ৫৩.০০.০০০০.৪৩১.১৪.০২৮.১৯-৬৪৭**—পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন এর মেমোরেন্ডাম এন্ড আর্টিকেলস অব এসোসিয়েশনের ৬(এ), ৬(ই) এবং ৩৬(i) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জনাব অরিজিৎ চৌধূরী, অতিরিক্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ- কে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর সাধারণ পর্ষদ ও পরিচালনা পর্ষদের সদস্য হিসেবে ০৩ (তিন) বছরের জন্য মনোনয়ন প্রদান করা হ'ল।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুর্শেদা জামান**
উপসচিব।

---

**যুব ও ক্রীড়া মন্ত্রণালয়**
**ক্রীড়া-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৪ শ্রাবণ,১৪২৬/০৮ আগস্ট, ২০১৯

**নং ৩৪.০০.০০০০.০৭১.০১১.১৩১.২০১১-৩০২**—জাতীয় ক্রীড়া পরিষদ আইন-২০১৮ এর ২২ ধারার প্রদত্ত ক্ষমতাবলের সরকার কর্তৃক এফবিসিসিআই এর সাবেক সভাপতি জনাব মোঃ শফিউল ইসলাম মহিউদ্দিন-কে বাংলাদেশ রাগবি ফেডারেশন (ইউনিয়ন)-এর সভাপতি পদে নিয়োগ প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মাহমুদা**
সিনিয়র সহকারী সচিব।

---

**সুরক্ষা সেবা বিভাগ**
**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**প্রশাসন-১ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২১ শ্রাবণ ১৪২৬/০৫ আগস্ট ২০১৯

নং ৫৮.০০.০০০০.০১২.০৯.০০৫.১৮-৪৮৬—জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী সুরক্ষা সেবা বিভাগ ও এর আওতাধীন সারা দেশের সকল দপ্তর/সংস্থা কর্তৃক যথাযথভাবে উদযাপন উপলক্ষে সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক নিম্নরূপভাবে জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন কমিটি গঠন করা হলো:

| | | |
|---|---|---|
| ১. | সচিব, সুরক্ষা সেবা বিভাগ | আহবায়ক |
| ২. | অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ), সুরক্ষা সেবা বিভাগ | সদস্যবৃন্দ |
| ৩. | অতিরিক্ত সচিব (অগ্নি অনুবিভাগ), সুরক্ষা সেবা বিভাগ | ,, |
| ৪. | অতিরিক্ত সচিব (মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অনুবিভাগ), সুরক্ষা সেবা বিভাগ | ,, |
| ৫. | যুগ্মসচিব (কারা অনুবিভাগ), সুরক্ষা সেবা বিভাগ | ,, |
| ৬. | পরিচালক (প্রশাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | ,, |
| ৭. | পরিচালক (প্রশাসন), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | ,, |
| ৮. | পরিচালক (প্রশাসন), ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর | ,, |
| ৯. | অতিরিক্ত কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর | ,, |
| ১০. | যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ অনুবিভাগ), সুরক্ষা সেবা বিভাগ | সদস্য সচিব |

২। **কমিটির কার্যপরিধি:** আগামী ১৭ মার্চ ২০২০ হতে ১৭ মার্চ ২০২১ তারিখ পর্যন্ত জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপনের লক্ষ্যে এ সংক্রান্ত জাতীয় কমিটি এবং জাতীয় বাস্তবায়ন কমিটির নির্দেশনার আলোকে সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার প্রয়োজনীয় কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন;

৩। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে;

৪। কমিটির বৈঠক প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে;

৫। অবিলম্বে এ আদেশ কার্যকর হবে।

তারিখ : ২৪ শ্রাবণ ১৪২৬/০৮ আগস্ট ২০১৯

**নং ৫৮.০০.০০০০.০১২.১৪.০০৬.১৭.৪৯৬**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রেষণ-২ শাখার ১৬ মে ২০১৯ তারিখের ০৫.০০.০০০০. ১৪০. ৩৪.০০৩.১৭.২০৫ নং প্রজ্ঞাপনমূলে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট হিসেবে মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতাপ্রাপ্ত সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নে উল্লিখিত কর্মকর্তাগণকে মোবাইল কোর্ট আইন, ২০০৯ এর তফসিলভুক্ত অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ আইন, ২০০৩ এর আওতায় নিম্নবর্ণিত সময়সূচি অনুসারে মোবাইল কোর্ট পরিচালনার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

| ক্রম | মোবাইল কোর্ট পরিচালনার এলাকা | বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট | সহায়ক কর্মকর্তা দপ্তর | তারিখ (অনিবার্য কারণে পরিবর্তিত হতে পারে) |
|---|---|---|---|---|
| ১ | গুলশান-০১ | জনাব মোঃ মনিরুজ্জামান (১৫৪০৮), উপসচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। মোবাইল: ০১৯১৪-৭০৭৫১২ | জনাব মোঃ নিয়াজ আহমেদ, উপসহকারী পরিচালক, মোবা: ০১৮১৭-৫৬৭৬৪৭, বারিধারা ফায়ার ষ্টেশন ও সংশ্লিষ্ট ওয়্যারহাউজ ইন্সপেক্টর | ১৯-০৮-২০১৯ |
| ২ | চকবাজার, ইসলামপুর, নবাবপুর ও বংশাল এলাকা | জনাব সেখ ফরিদ আহমেদ (১৫২৫৩), উপসচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। মোবাইল: ০১৭৪৬-৬৮৮৭০০ | জনাব মোঃ মোস্তফা মহসিন, উপ-সহকারী পরিচালক, মোবা: ০১৭১১-২০৪০৮৭ জনাব মোঃ তানহারুল ইসলাম, উপ-সহকারী পরিচালক, মোবা: ০১৭১৩-৮৬৪৭৪৬, সিদ্দিকবাজার ও সদরঘাট ফায়ার স্টেশন ও সংশ্লিষ্ট ওয়্যারহাউজ ইন্সপেক্টর | ২৯-০৮-২০১৯ |
| ৩ | ধানমন্ডি এলাকা | জনাব সনজীদা শরমিন (১৫৬২৪), উপসচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। মোবাইল: ০১৭১৭-৫৭০৫৩৬ | জনাব মোঃ আনোয়ার হোসেন, উপ-সহকারী পরিচালক, মোবা: ০১৭১৫-৭৩১০১২, মোহাম্মদপুর ফায়ার স্টেশন ও সংশ্লিষ্ট ওয়্যারহাউজ ইন্সপেক্টর | ০৫-০৯-২০১৯ |
| ৪ | উত্তরা এলাকা | জনাব মোহাম্মদ ফজলে আজিম (১৫১৭৯), উপসচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। মোবাইল: ০১৭১২-৬২৬২৮৭ | জনাব মোঃ মানিকুজ্জামান, উপ-সহকারী পরিচালক, মোবা: ০১৯৬৮-৮৮০১২৩, উত্তরা ফায়ার স্টেশন ও সংশ্লিষ্ট ফায়ার স্টেশন | ১২-০৯-২০১৯ |
| ৫ | বারিধারা এলাকা | জনাব সেখ কামাল হোসেন (১৫৮৩০), উপসচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। মোবাইল: ০১৭৫৪-৪৪৬৬৩৬ | জনাব মোঃ নিয়াজ আহমেদ, উপসহকারী পরিচালক, মোবা: ০১৮১৭-৫৬৭৬৪৭, বারিধারা ফায়ার ষ্টেশন ও সংশ্লিষ্ট ওয়্যারহাউজ ইন্সপেক্টর | ১৯-০৯-২০১৯ |
| ৬ | পোস্তগোলা এলাকা | জনাব শরীফ মোঃ ফরহাদ হোসেন (১৫১৭২), উপসচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। মোবাইল: ০১৭১২-৫৫০১২২ | জনাব কাজী নজমুজ্জামান, উপ-সহকারী পরিচালক, মোবা: ০১৯৩৫-৩৮৭৩৩৬, পোস্তগোলা ফায়ার স্টেশন ও সংশ্লিষ্ট ফায়ার স্টেশন | ২৬-০৯-২০১৯ |

২। শর্তাবলি :

(ক) ক্ষমতাপ্রাপ্ত বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণ মোবাইল কোর্ট পরিচালনার পূর্বে বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকাকে অবহিত করবেন।

(খ) প্রতি মাসের মোবাইল কোর্ট পরিচালনার তথ্য পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা এর নিকট প্রেরণ করবেন।

৩। পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি), ঢাকা উল্লিখিত মোবাইল কোর্টসমূহ পরিচালনা কালে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহাম্মদ আবদুল হাই মিলটন**
সিনিয়র সহকারী সচিব।

**জননিরাপত্তা বিভাগ**

**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ০৪ ভাদ্র ১৪২৬/১৯ আগস্ট ২০১৯

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১১.১৯-৬৩৭**—সিরাজগঞ্জ জেলার সদর থানার মামলা নং-২২, তারিখ:-০৮-০৪-২০১৯ খ্রি:-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা নাশকতামূলক কর্মকান্ড সংঘটনের নিমিত্ত জেএমবিকে সমর্থন, সদস্যপদ গ্রহণ, অর্থদান, জিহাদী বই বিতরণসহ সন্ত্রাসী কর্মকান্ডের সহিত লিপ্ত থাকার অপরাধে জড়িত।

২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১১.১৯-৬৩৮**—সিরাজগঞ্জ জেলার সদর থানার মামলা নং-৮৪, তারিখ:-২৯-০৪-২০১৯ খ্রি:-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা নাশকতামূলক কর্মকান্ড সংঘটনের নিমিত্ত জেএমবিকে সমর্থন, সদস্যপদ গ্রহণ, সন্ত্রাসী কর্মকান্ডে অর্থ প্রদান, জিহাদী বই বিতরণসহ নাশকতামূলক অপরাধ সংঘটনে ষড়যন্ত্রের কর্মকান্ডের সহিত লিপ্ত থাকার অপরাধে জড়িত।

২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১১.১৯-৬৩৯**—মাদারীপুর সদর মডেল থানার মামলা নং-৬৫, তারিখ:-২৯-১০-২০১৮ খ্রি:-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা একে অপরের প্ররোচনায় এবং সহযোগিতায় সন্ত্রাসী হামলার ষড়যন্ত্র করতঃ বিস্ফোরক দ্রব্য, লিফলেট ও নাশকতার কার্যে ব্যবহৃত করার অর্থ নিজেদের হেফাজতে রেখে এবং মোবাইল ফোনের মাধ্যমে পরস্পর যোগাযোগ সৃষ্টি করার অপরাধে জড়িত।

২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১০.১৯-৬৪০**—নোয়াখালী জেলার কোম্পানীগঞ্জ থানার মামলা নং-০৬, তারিখ:-০৯-০৯-২০১৩ খ্রি:-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা আইন-শৃঙ্খলা পরিস্থিতি চরম অবনতি ঘটিয়ে যুদ্ধাপরাধীদের বিচার বানচালের লক্ষ্যে গোপন বৈঠকে মিলিত হয়ে সন্ত্রাসী কর্মকান্ড পরিচালনা করার জন্য গোপন ষড়যন্ত্র ও প্ররোচনা করার অপরাধে জড়িত।

২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১০.১৯-৬৪১**—নারায়ণগঞ্জ জেলার আড়াই হাজার থানার মামলা নং-১৯, তারিখ:-১৯-১২-২০১৭ খ্রি:-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা পরস্পর যোগসাজসে বাংলাদেশের অখন্ডতা, সংহতি, জননিরাপত্তা, সার্বভৌমত্ব বিপন্ন করার জন্য জনসাধারণের মধ্যে আতংক সৃষ্টির উদ্দেশ্যে কিংবা স্পর্শকাতর কোন ব্যক্তিকে হত্যা, জখম বা সরকারি সম্পত্তির ক্ষতি সাধন ও ধ্বংস করার ষড়যন্ত্র, প্রস্তুতি ও প্রচেষ্টার মাধ্যমে বিভিন্ন বয়সের লোকদের প্ররোচিত করে নিজেদের দলভুক্তির উদ্দেশ্যে চাপাতি, মোবাইল ফোন, জিহাদী বই, ল্যাপটপ, নগদ টাকা ও লিফলেট নিজেদের দখলে ও নিয়ন্ত্রণে রাখার অপরাধে জড়িত।

২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৩.১৮-৬৪২**—ঢাকা জেলার শাহবাগ থানার মামলা নং-১৪, তারিখঃ-০৭-০৮-২০১৮ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামী সরকার নিষিদ্ধ ঘোষিত সংগঠন কর্তৃক লিফলেট বিতরণ করার অপরাধে জড়িত।

২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**দিলরুবা খাতুন**
সহকারী সচিব।

---

**জননিরাপত্তা বিভাগ**
**পুলিশ-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১০ ভাদ্র ১৪২৬/২৫ আগস্ট ২০১৯ খ্রিস্টাব্দ

**নং ৪৪.০০.০০০০.০৯৪.০২.০২৯.১৬-১৩৬৭**—জনাব মোহাম্মদ ইব্রাহিম খান, পিপিএম-সেবা (বিপি-৭৪০৫১০৩৩৮৩), উপ-পুলিশ কমিশনার (ওয়ারী বিভাগ), ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ১২(১) অনুযায়ী সাময়িক বরখাস্ত করা সমীচীন মর্মে প্রতীয়মান হওয়ায় এতদ্বারা চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

২। সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি পুলিশ অধিদপ্তরে সংযুক্ত থাকবেন এবং প্রচলিত বিধি মোতাবেক খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোস্তফা কামাল উদ্দীন**
সচিব।

---

**স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ**
**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**শৃঙ্খলা শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২ আগস্ট ২০১৯ খ্রিঃ

**নং ৫৯.০০.০০০০.১১৭.২৭.০৫৪.১৭-৮৯**—যেহেতু, জনাব মোঃ রিয়াজুল ইসলাম, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বগুড়া সদর, বগুড়া এর বিরুদ্ধে বেগম রাজিয়া খাতুন, পরিবার কল্যাণ সহকারী, ১/গ ইউনিট, নিশিন্দারা ইউনিয়ন, বগুড়া সদর, বগুড়া এর সাধারণ ভবিষ্য তহবিল হিসাব নং পরি/বগ/৯১৯ এর বিপরীতে ১,২৭,০০০(এক লক্ষ সাতাশ হাজার) টাকা উত্তোলনপূর্বক আত্মসাৎ-এর অভিযোগ পাওয়া যায়;

যেহেতু, উক্ত অপরাধে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে ‘সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫-এর ৩ (বি) ও ৩ (ডি) উপবিধি অনুযায়ী ‘অসদাচরণ (Misconduct) ও দুর্নীতি (Corruption)’ এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় গত ২৪-১২-২০১২ খ্রি: তারিখের ৪৫.১৫১.০২৭.০০.০০.০০৪.২০১২-১০৯ স্মারকের মাধ্যমে তাঁকে কারণ দর্শাতে বলা হয়;

যেহেতু, তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি, সেহেতু তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য এ মন্ত্রণালয়ের গত ২৪-১০-২০১৩ খ্রি. তারিখের ৪৫.১৫১.০২৭.০০.০০.০০৪.২০১২-৪৩৯ নং স্মারকে জনাব মোঃ আব্দুল ছাত্তার, উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা কার্যালয়, বগুড়াকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা গত ২৮-১১-২০১৩ খ্রি. তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫-এর ৩ (বি) ও ৩ (ডি) উপবিধি অনুযায়ী ‘অসদাচরণ (Misconduct) ও দুর্নীতি (Corruption)’ এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত 'অসদাচরণ (Misconduct) ও দুর্নীতি (Corruption)' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁকে একই বিধিমালার ৪(৩) (ডি) উপবিধি অনুযায়ী 'চাকরি হতে বরখাস্ত (Dismissal from Service)'এর গুরুদণ্ড আরোপের প্রস্তাব করে গত ১৯-০২-২০১৪ খ্রি. তারিখের ৪৫.১৫১.০২৭.০০.০০.০০৪.২০১২-৬৬ স্মারকে তাঁকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা গত ২০-০৩-১৪ খ্রি. তারিখে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন এবং উক্ত জবাব পর্যালোচনায় সন্তোষজনক প্রতীয়মান না হওয়ায় একই বিধিমালার ৪(৩) ডি উপবিধি মোতাবেক গুরুদণ্ড হিসেবে সরকারি চাকরি হতে বরখাস্ত (Dismissal from Service) এর সিদ্ধান্তের বিষয়ে মতামত প্রদানের জন্য গত ১০-০৮-১৪ খ্রি. তারিখের পত্রের স্মারক নং-৪৫.১৫১.০২৭.০০.০০.০০৪.২১২-২৬৩ মোতাবেক বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়কে অনুরোধ করা হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয় হতে গত ০৫-০৯-২০১৮ খ্রি. তারিখের ৮০.১০৭.০৩৪.০০.০০.৪০.২০১৪-১২১ নং স্মারকে অভিযুক্ত কর্মকর্তাকে সরকারি 'চাকরি হতে বরখাস্ত '(Dismissal from Service)' এর গুরুদন্ড আরোপের বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে মতামত প্রদান করেছে;

সেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি মোতাবেক 'অসদাচরণ (Misconduct) ও দুর্নীতি (Corruption)' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৩)(ঘ) উপবিধি মোতাবেক জনাব মোঃ রিয়াজুল ইসলাম, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বগুড়া কে সরকারি 'চাকরি হতে বরখাস্ত (Dismissal from Service) এর গুরুদণ্ড প্রদান করা হলো।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৫৯.০০.০০০০.১১৭.২৭.০৫১.১৭-৯১**—যেহেতু ডাঃ মোঃ ইউসুফ ভূঁইয়া, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), দাগনভূঁইয়া, ফেনী গত ০১-০৫-২০১০ খ্রি. তারিখ হতে ৩০-০৬-২০১০ খ্রি. তারিখ পর্যন্ত মোট ৬১ (একষট্টি) দিনের অর্জিত ছুটি মঞ্জুর হওয়ার পর ছুটিতে গমন করেন। ছুটি ভোগের পর যথারীতি গত ০১-০৭-২০১০ খ্রিঃ তারিখে কর্মস্থলে উপস্থিত না হওয়ায় তাঁর বিরুদ্ধে **'সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯'**-এর **৩(বি)** উপধারা মোতাবেক অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে অত্র মন্ত্রণালয়ের গত ২৫-০৪-২০১১ খ্রিঃ তারিখের ৪৫.১৫১.০২৭.০০.০০.০০১.২০১১-১১৮ নম্বর স্মারকের মাধ্যমে তাঁকে **কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;**

যেহেতু, তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি, সেহেতু তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনান্তে তাঁকে **চাকরি হতে বরখাস্ত (Dismissal from Service)** করার সিদ্ধান্ত গ্রহণ করে গত ৩০-১১-২০১১ খ্রিঃ তারিখের পত্রের স্মারক নং -৪৫.১৫১.০২৭.০০.০০.০০১.২০১১-৩১০ মোতাবেক তাঁকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি, সেহেতু কর্তৃপক্ষ তাঁকে দোষী সাব্যস্ত করে বর্ণিত অধ্যাদেশের **৪(এ) উপধারা** মোতাবেক গুরুদণ্ড হিসেবে সরকারি **'চাকরি হতে বরখাস্ত (Dismissal from Service)'** করার সিদ্ধান্তের বিষয়ে মতামত প্রদানের জন্য গত ১৯-০৫-২০১৯ খ্রি. তারিখের পত্রের স্মারক নম্বর ৫৯.০০.০০.০০০০.১১৭.২৭.০৩৬.১৭ (অংশ-১).৪৩ মোতাবেক বাংলাদেশ সরকারি কর্ম কমিশনে পত্র প্রেরণ করা হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয় গত ০৩-০৭-২০১৯ খ্রিঃ তারিখের ৮০.০০.০০০০.১০৭.৩০.০০৬.১৯-৭৩ স্মারকে অভিযুক্ত কর্মকর্তাকে সরকারি চাকরি হতে বরখাস্ত-এর গুরুদণ্ড আরোপের বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে মতামত প্রদান করেছে;

সেহেতু, অভিযুক্ত কর্মকর্তা সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯-এর ৩(বি) উপধারার অপরাধে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগে দোষী সাব্যস্ত হওয়ায় উক্ত অধ্যাদেশের ৪ (এ) উপধারা মোতাবেক তাঁকে **'চাকরি হতে বরখাস্ত (Dismissal from Service)'** এর গুরুদন্ড প্রদান করা হলো।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শেখ ইউসুফ হারুন**
সচিব।

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ**
**প্রশাসন অধিশাখা-০২**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৪ শ্রাবণ, ১৪২৬ বঙ্গাব্দ/০৮ আগস্ট, ২০১৯ খ্রিস্টাব্দ

**নং ৪৭.৬১.০০০০.০৩২.০৬.১৪৭.১৭(অংশ-১)-৩৪০**—সমবায় সমিতি আইন, ২০০১ (২০০১ সনের ৪৭ নং আইন, সংশোধিত-২০০২ ও ২০১৩ সনের ২৯ নং আইন ও ১ নং আইন) এর ধারা ৪ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে সোনার বাংলা সমবায় কটন মিলস্ লিঃ-কে একই আইনের ১৮(৫), ১৮(৬), ১৮(৭) ধারা হতে নির্দেশক্রমে নিম্নবর্ণিত শর্তে এতদ্বারা এককালীন অব্যাহতি প্রদান করা হলো:-

**শর্তাবলী:-**

(ক) ২০-০৩-২০১৮ খ্রিঃ তারিখ মূলে গঠিত সোনার বাংলা সমবায় কটন মিলস্ লিঃ এর বর্তমান অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটির মেয়াদ জনস্বার্থে আদেশ জারির তারিখ হতে পরবর্তী আরও ০২ (দুই) বছরের জন্য বৃদ্ধি করা হলো;

(খ) বর্তমান অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি কর্তৃক বর্ণিত সমিতির নির্বাচন বিষয়ে দাখিলকৃত মামলাগুলো দ্রুত নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করতে হবে; এবং

(গ) মামলা নিষ্পত্তি সাপেক্ষে বর্তমান অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি বর্ধিত মেয়াদকালের মধ্যে সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এ বর্ণিত নির্বাচন সংক্রান্ত সকল বিধি বিধান অনুসরণপূর্বক নির্বাচিত কমিটির নিকট দায়িত্বভার হস্তান্তর করতে হবে।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফারহানা হক**
উপসচিব (সমবায়, প্রশাসন)।